



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 January 2026**

**7:35 AM IST**

আসামে বিনিয়োগ করতে বিশ্বের কয়েকটি শিল্প প্রতিষ্ঠান ইচ্ছা প্রকাশ করেছে। গতকাল সুজারল্যান্ডের ডাভোস থেকে সামাজিক মাধ্যম জানান যে বিশ্ব অর্থনৈতিক মঞ্চের অধিবেশনে আসামে বানিজ্যের পরিকাঠামো সম্পর্কে শিল্পগোষ্ঠীকে অবগত করানো হয়েছে। মূখ্যমন্ত্রী আরো জানান

---- বাইট ----

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে যোগ দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক মন কি বাত অনুষ্ঠানের ১শো ৩০তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে আগামী রবিবার সকাল ১১টায় এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল aap ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেলেও এই অনুষ্ঠান শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক অনুবাদ।

---

ভারত একটি বহু ভাষিক দেশ এবং এখানে কারো উপর ভাষা চাপিয়ে দেওয়ার কোন নিয়ম নেই এবং সরকারেরও কোন নীতি নেই । ছাত্র-ছাত্রীরা নিজেদের পছন্দ অনুযায়ী নিজ ভাষায় পড়াশুনা করতে পারে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু উল্লেখ করেন । গতকাল শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ গুণগতমান নির্ধারক কোষ- আই কিউ এ সি'র উদ্যোগে এবং গণ জ্ঞাপন বিভাগের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে আয়োজিত রবিজিৎ চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী ডাঃ পেগু একথা বলেন । স্মারক বক্তৃতার বিষয় ছিল- জাতীয় শিক্ষানীতির ত্রিভাষা নীতি- এটাই কি উত্তরণের পথ । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিক্ষামন্ত্রী ডাঃ পেগু জাতীয় শিক্ষানীতির অন্তর্ভুক্ত ত্রিভাষা নীতির প্রাসঙ্গিকতা, সম্ভাবনা ও প্রত্যাহ্বান সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী আরো বলেন পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে প্রবীন সাংবাদিক- গল্পকার, প্রাবন্ধিক রবিজিৎ চৌধুরী সম্পর্কে শিক্ষামন্ত্রী ডাঃ পেগু বলেন- সাংবাদিক এবং সমাজকর্মী হিসেবে প্রয়াত চৌধুরী সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে গেছেন ।

রবিজিৎ চৌধুরীকে তাঁর পথ প্রদর্শক হিসেবে উল্লেখ করে শিক্ষামন্ত্রী ডাঃ পেগু বলেন- তাঁদের দুজনের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং তিনি সবসময় রবিজিৎ চৌধুরীর কাছ থেকে নানা বিষয়ে তথ্য ও পরামর্শ লাভ করেছেন।

---- বাইট ----

স্মারক বক্তৃতা অনুষ্ঠানে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় পৌরহিত্য করেন । এছাড়া শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ ওই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্র-ছাত্রীরা এতে উপস্থিত ছিলেন ।

---

আজ পরাক্রম দিবস । স্বাধীনতা সংগ্রামের অগ্রণী ব্যক্তিত্ব নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১৩০ তম জন্মবার্ষিকী আজ সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে । শিলচরে কেন্দ্রীয় নেতাজি জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে আজ সকালে শিলচর নরসিংটোলা ময়দান থেকে এক শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করবে । পরে রাঙ্গিরখাড়িতে নেতাজি প্রতিমূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হবে । এদিকে তারাপুর পাইয়োনিয়ার ক্লাবের উদ্যোগে শোভাযাত্রা সহ আণ্যন্য কার্যসূচি পালন করা হবে । শিলচরের অগ্রণী ক্লাব, ছাত্র সংগঠন-এ আই ডি এস ও সহ বহু সংস্থা সংগঠন নেতাজি জন্ম জয়ন্তী উপলক্ষে বিভিন্ন কার্যসূচি গ্রহণ করেছে । হাইলাকান্ডিতেও অনুরূপ কার্যসূচির আয়োজন করা হয়েছে ।

---

আজ সরস্বতী পূজা । মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা করা হয়ে থাকে । আজ বরাক উপত্যকার সব শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন সরকারী-বেসরকারী কার্যালয়ে সরস্বতী পূজার আয়োজন করা হয়েছে । আকাশবাণী শিলচর কেন্দ্রের আজ বাগদেবী সরস্বতী পূজার আয়োজন করা হচ্ছে । এদিকে শ্রীভূমি ও হাইলাকান্ডি জেলায়ও আজ উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সরস্বতী পূজার আয়োজন করা হয়েছে ।

---